

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন ও অর্থ শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.৯৯.১৩৫.২৩.৯৪

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিল।

সূত্র: প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪৯.০০.০০০০.০১৫.০৩৩.০৪৬.২৪-৯১৮; তারিখ: ৩১/১০/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন দপ্তরসমূহে সরকারি চাকরিতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্ধারিত ফরমেটে সম্পদ বিবরণী দাখিল করতে প্রশাসনিক মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, বিএমইটি'র স্মারক নং-৪৯.০১.০০০০.০০০০.৯৯.১৩৫.২৩.৭৭; মোতাবেক গত ১৪/১০/২০২৪ তারিখে বিএমইটি ও এর অধীন সকল দপ্তরসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সম্পদ বিবরণী দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়। যেসকল কর্মকর্তা-কর্মচারী এখনো সম্পদ বিবরণী দাখিল করেননি তাদেরকে নির্ধারিত ফরমেটে আগামী ২০/১১/২০২৪ তারিখের মধ্যে বিএমইটি'র প্রশাসন শাখায় সম্পদ বিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, দপ্তর প্রধানগণ তার অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের সম্পদ বিবরণী নির্ধারিত তারিখের মধ্যে দাখিলের বিষয়টি নিশ্চিত করবেন।

সংযুক্তি: প্রশাসনিক মন্ত্রণালয়ের পত্র ও সম্পদ বিবরণী ছক.pdf।

১১-১১-২০২৪

মোহাম্মদ আলী সিদ্দিকী
উপ পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, ডিটিটিআই, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, আইএমটি (সকল)।
- ৫। অধ্যক্ষ, টিটিসি (সকল)।
- ৬। উপপরিচালক / উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
- ৭। উপ-প্রকল্প পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক / পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক, বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ১০। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ১১। সহকারী পরিচালক, শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর (সকল)।
- ১২। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১৩। বিএমইটি'র সকল কর্মচারী (১১-২০) গ্রেড পর্যন্ত, বিএমইটি, ঢাকা।

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.৯৯.১৩৫.২৩.৯৪/১ (৩)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) বিএমইটি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালকের (প্রশিক্ষণ/কর্মসংস্থান) ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) বিএমইটি, ঢাকা।
- ৩। মাস্টার নথি/২০২৪।



১১-১১-২০২৪

মোহাম্মদ আলী সিদ্দিকী
উপ পরিচালক (চলতি দায়িত্ব)